



অনূর্ধ্ব-২০ দলের কোচ জেরার্ড জোন্সকে বরখাস্ত করল বাফুফে



ফুটবল দলের প্রধান কোচ জেরার্ড জোন্স। ছবি: সংগৃহীত

এএফসি অনূর্ধ্ব-২০ এশিয়ান কাপ বাছাইপর্ব চলাকালেই বাংলাদেশ যুব ফুটবল দলের প্রধান কোচ জেরার্ড জোন্সকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। একই সঙ্গে তার সঙ্গে থাকা চুক্তিও বাতিল করেছে দেশের ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটি।

আগামী ৬ সেপ্টেম্বর ভারতের বিপক্ষে বাংলাদেশের ম্যাচে দলের অন্তর্বর্তীকালীন প্রধান কোচ হিসেবে দায়িত্ব পালন করবেন সহকারী কোচ আতিকুর রহমান মিশু।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) দুপুরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বাফুফে এ সিদ্ধান্তের কথা জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এএফসি অনূর্ধ্ব-২০ এশিয়ান কাপ বাছাইপর্বে বাংলাদেশ অনূর্ধ্ব-২০ জাতীয় দলের প্রধান কোচের দায়িত্ব থেকে জেরার্ড জোন্সকে অব্যাহতি দেওয়া হয়েছে। একই সঙ্গে তার সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল করা হয়েছে। ভারতের বিপক্ষে ম্যাচে অন্তর্বর্তীকালীন প্রধান কোচের দায়িত্ব দেওয়া হয়েছে আতিকুর রহমান মিশুকে।

উজবেকিস্তানের তাসখন্দে অনুষ্ঠিত বাছাইপর্বে এখন পর্যন্ত হতাশাজনক ফল করেছে বাংলাদেশ। স্বাগতিক উজবেকিস্তানের কাছে ২-০ গোলে হারার পর সিরিয়ার বিপক্ষেও ৩-০ গোলে পরাজিত হয় লাল-সবুজের প্রতিনিধিরা। টানা দুই ম্যাচে হারের ফলে মূল পর্বে ওঠার সম্ভাবনা প্রায় শেষ হয়ে যায় বাংলাদেশের।

সিরিয়ার বিপক্ষে পরাজয়ের পরদিন সকালে জোন্সকে দলের হোটেল থেকে সরিয়ে নেওয়া হয় বলে জানা গেছে।

তাসখন্দে সফরের আগেও নানা ঘটনায় আলোচনায় ছিলেন এই ব্রিটিশ কোচ। বেতন বকেয়া থাকার অভিযোগ তুলে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও প্রকাশ, ঢাকায় দলের হোটেল সহকারী কোচ আতিকুর রহমান মিশুর সঙ্গে হাতাহাতি এবং পুলিশ ডাকার ঘটনাকে কেন্দ্র করে তাকে নিয়ে বিতর্ক তৈরি হয়েছিল।

তাসখন্দে গিয়েও ডাগআউটে সহকারী কোচের অবস্থান নিয়ে দুজনের মধ্যে মতবিরোধ দেখা দেয় বলে জানা যায়। এসব মাঠ ও মাঠের বাইরের ঘটনার মধ্যেই শেষ পর্যন্ত জেরার্ড জোন্সকে দায়িত্ব থেকে সরানোর সিদ্ধান্ত নেয় বাফুফে।